# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৯ নভেম্বর, ২০১২ |
| সময় | ঃ | সকাল ১১:০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই বোর্ডের সামরিক সদস্য নৌ বাহিনীর প্রতিনিধি ক্যাপ্টেন সৈয়দ মকছুমুল হাকিম, (এনডি) এনসিসি, পিএসসি, বিএন, অধিনায়ক, বা নৌ জা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস-কে প্রেসিডেন্ট মহোদয় শপথ বাক্য পাঠ করান এবং বোর্ডের সদস্য হিসেবে স্বাগত জানান। অতঃপর সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ৩১ অক্টোবর, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ৩১ অক্টোবর, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ করা হলো। এছাড়া উক্ত সভায় বোর্ডের সামরিক সদস্য বিমান বাহিনীর প্রতিনিধি গ্রুপ ক্যাপ্টেন মোঃ মফিদুর রহমান, এএফডব্লিউসি, পিএসসি, অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস-কে প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় শপথ বাক্য পাঠ করান এবং বোর্ডের সদস্য হিসেবে স্বাগত জানান।

আলোচ্যসূচী-২ঃ অক্টোবর, ২০১২ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেপ্টেম্বর, ২০১২ মাসে গৃহকর বাবদ ১৭,০৭,৩২৭.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ৮,৫৩,৬০৫.০০ আদায় হয়েছে। যা মোট দাবীর ১৫.০৪%। গৃহকর সাধারণতঃ জুন এবং ডিসেম্বর মাসে পরিশোধ করা হয় বিধায় ডিসেম্বর, ২০১২ নাগাদ দাবীর অধিকাংশ আদায় হয়ে যাবে।

আলোচ্যসূচী-৩ঃ অক্টোবর, ২০১২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ অক্টোবর, ২০১২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ অক্টোবর, ২০১২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ও ডিওএইচএস এলাকার ব্রিডিং পয়েন্টগুলোতে নিয়মিত লার্ভিসাইড স্প্রে করাসহ ফগিং করা হচ্ছে। যার ফলে মশার উপদ্রব অনেকটা নিয়ন্ত্রণে আছে। তবে পর্যাপ্ত কীটনাশকের অভাবে এ কার্যক্রম অব্যাহত রাখা দুঃসাধ্য হয়ে পড়েছে মর্মে সভায় উপস্থিত স্টেশন হেলথ অফিসার জানান। স্টেশন সদর দপ্তরের সাথে সমন্বয় করে এ সমস্যা সমাধান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটির নির্বাচন-২০১২ উপলক্ষে ৬১,৩০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটির নির্বাচন-২০১২ উপলক্ষে ৬১,৩০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-৬ঃ 'সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল' এর প্রস্তাবিত অর্গানোগ্রম সংশোধন।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ইতোপূর্বে অনুমোদিত অর্গানোগ্রামে প্রশাসনিক কর্মকর্তা/কর্মচারীদের প্রস্তাবিত পদের যোগফল ৪৫সহ মোট পদের লোকবলের সংখ্যা ১৫৬ দেখানো হয়েছে। প্রকৃত পক্ষে উক্ত কর্মকর্তা/কর্মচারীদের যোগফল হবে ৫১ এবং সে হিসাবে মোট লোকবলের সংখ্যা হবে ১৬২টি। সংশোধিত অর্গানোগ্রাম অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৭ঃ মহাখালী ডিওএইচএস জামে মসজিদের মোয়াজ্জিন এর বাসা ভাড়া মওকুফ করার জন্য সংশ্লিষ্ট মোয়াজ্জিন জনাব সাইয়েদ মুহাম্মদ মুহিববুল্লাহ এর ০৪ নভেম্বর, ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে জানা যায় যে, মহাখালী ডিওএইচএস জামে মসজিদের মোয়াজ্জিন এর বাসাটি এলাকাবাসীর দানের অর্থে তৈরী করা হয়েছে। অন্যান্য মসজিদের ইমাম ও মোয়াজ্জিনদের সাথে সামঞ্জস্য রেখে মহাখালী ডিওএইচএস জামে মসজিদের মোয়াজ্জিনের কোয়ার্টারের মাসিক ভাড়া ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ডিসেম্বর, ২০১২ মাস হতে এ ভাড়া কার্যকর হবে।

আলোচ্যসূচী-৮ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনে ক্যান্টিন স্থাপন ও পরিচালনার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ভর্তিকৃত রোগীদের সাথে অবস্থান করা অন্থিসং হাসপাতালে আগত লোকজনের জন্য মানসম্মত খাবার পরিবেশনের নিমিত্তে একটি ক্যান্টিন পরিচালনার জন্য ।ঃকহাম ইন্টারন্যাশনাল এর মালিক মেজর এম কামরান হামিদ, পিএসসি (অবঃ) আবেদন করেন। ক্যান্টিন পরিচালনার অনুমতি ও স্থান প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে যোগ্যতা নির্ধারণসহ স্থান প্রদানের বিষয়ে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | |
|---|---|---|
| (১) ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট। | -- | সভাপতি |
| (২) মেজর মোঃ জাকির হায়দার, বীর, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) জনাব মোঃ মতিউর রহমান, রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর কিউএমজি কোটার ৪র্থ তলার ৭ নং দোকানের পরিবর্তে ২য় তলার ১৫ নং দোকান বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে বিশেষ বিবেচনায় কিউএমজি মহোদয়ের কোটায় বরাদ্দকৃত ৪র্থ তলার ৭ নং দোকানের পরিবর্তে ২য় তলার ১৫ নং দোকানটি বরাদ্দ প্রদান এবং কিউএমজি কোটার দোকানটি সাধারণ কোটা হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশোধন ও চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১০ঃ মিরপুর ডিওএইচএস এলাকার অফিস-কম-শপিং কমপ্লেক্স এর ২য় তলার ২৪ নং দোকানটি ইজারা/বরাদ্দ প্রদানের বিষয়ে মিসেস সোহেলা আখতার এর ১৪ নভেম্বর, ২০১২ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকাস্থিত অফিস কাম শপিং কমপেক্স এর দোকানসমূহ ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ২য় তলার ২৪ নং দোকানের জন্য (১) লেঃ কর্ণেল (অবঃ) কাজী হালিমুর রশিদ ও (২) ফারজানা খান (নিপা) যৌথভাবে ১৬,৩৭,২০৯/- টাকা সর্বোচ্চ দরদাতা হিসেবে বিবেচিত হয়। কিন্তু দরদাতা লেঃ কর্ণেল (অবঃ) কাজী হালিমুর রশিদ গুরুতর অসুস্থ হওয়ায় দোকান গ্রহণের বিপরীতে প্রদানকৃত অর্থ ফেরত প্রদান করা হয়। উক্ত দোকানটির বিপরীতে লেঃ কর্ণেল (অবঃ) কাজী হালিমুর রশিদ এর দাখিলকৃত সর্বোচ্চ দরে অর্থাৎ ১৬,৩৭,২০৯/- টাকায় মিসেস সোহেলা আখতার এর বরাদ্দ গ্রহণের আবেদনের প্রেক্ষিতে তাঁকে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের স্বাধীনতা সরণির শেষ প্রান্তে নির্মিত মার্কেটের ৩য় তলার ১ নং দোকানটি ডাক্তার মেজর (অবঃ) মান্নান এর নামে ইজারা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ারের ৬৩ টি দোকান/ডাক্তার চেম্বার এবং স্বাধীনতা সরণির শেষ প্রান্তে মার্কেটের ৩য় তলার ০১ নং দোকানসহ মোট ৬৪ টি দোকান ইজারা প্রদানের নিমিত্তে ১৪/৭/২০১১ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে স্বাধীনতা সরণির শেষ প্রান্ত মার্কেটের ৩য় তলার ০১ নং দোকানটির জন্য ডাঃ মেজর মান্নান (অবঃ) কর্তৃক প্রদত্ত ১৭,৩৫,৫০০/- টাকার দরসহ মোট ২২ টি দোকানের বিপরীতে দর পাওয়া যায়। প্রাপ্ত দরসমূহ ২৮/৭/২০১১ তারিখের বোর্ডসভায় উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু মুদ্রণ বিভ্রাটের কারণে স্বাধীনতা সরণির শেষ প্রান্তে নির্মিত মার্কেটের ৩য় তলার ১ নং দোকানটি বাদ পড়ে যায়। পরবর্তীতে উক্ত দরদাতার আবেদনের পর বিষয়টি নজরে আসে। যেহেতু উক্ত দরটি ইতোপূর্বেই অনুমোদিত হয়েছে, সেহেতু চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ঃ গত ৩১ অক্টোবর, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৯ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার সম্মানী ভাতা বৃদ্ধিসহ চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের মেয়াদোত্তীর্ণ ২৯টি দোকান পুনঃ বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের নিম্নবর্ণিত দোকানগুলো মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সালামীতে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | বরাদ্দ গ্রহীতা/মালিকের নাম | দোকান নং | ইজারা মেয়াদ উত্তীর্ণের তারিখ | আবেদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১। | সঞ্জয় পারিয়াল | এ/২৫ | ২৮/১০/২০১২ | ০৪/১১/২০১২ |
| ২। | মোঃ আলমগীর হোসেন | এ/৪০ | ১৫/০৬/২০১২ | ১১/১০/২০১২ |
| ৩। | মোঃ আবদুল হান্নান সরকার | এ/৫৭ | ২৬/১০/২০১২ | ০৬/১১/২০১২ |
| ৪। | মোঃ শাহ আলম | এ/৭৮ | ১৪/০৬/২০১২ | ১৮/০৯/২০১২ |
| ৫। | মোঃ মোস্তফা চৌধুরী | এ/১১৭ | ২৬/১০/২০১২ | ১৮/১০/২০১২ |
| ৬। | সিপাহী রুহুল আমিন | এ/১৩২ | ৩১/০৭/২০১২ | ১১/১১/২০১২ |
| ৭। | সুবেদার মোস্তাক আহমেদ (পক্ষে হাজী মোঃ আব্দুল মতিন) | এ/১৫৯ | ২৮/০২/২০১২ | ০৬/১১/২০১২ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | সিপাহী আলী আকবর পাঠান | এ/১৬২ | ৩১/০৭/২০১২ | ২২/০৭/২০১২ |
| ৯। | মিসেস সাহিদা খাতুন | এ/১৬৩ | ০১/০৮/২০১২ | ১৩/১১/২০১২ |
| ১০। | মোছাঃ সেলিনা বেগম আম্বিয়া | এ/১৬৬ | ৩১/০৭/২০১২ | ২২/১০/২০১২ |
| ১১। | মেজর শেখ মুজিবুর রহমান | এ/১৬৪ | ৩১/০৭/২০১২ | ২৫/০৯/২০১২ |
| ১২। | মিসেস আমিরুন নেছা | বি/৪১ | ৩১/০১/২০১১ | ২৫/০৭/২০১২ |
| ১৩। | মিসেস হাসিনা বেগম | বি/৪২ | ০১/০৭/২০১২ | ২৮/০৮/২০১২ |
| ১৪। | হাবিঃ শাহজাহান আলী খাঁন (অবঃ) | বি/৪৪ | ১৫/০৮/২০১২ | ১১/১১/২০১২ |
| ১৫। | নাঃ মোঃ নুরুল ইসলাম | বি/৬৩ | ০৯/০৩/২০১২ | ২৬/০৮/২০১২ |
| ১৬। | মোঃ সিদ্দিকুর রহমান (আবেদনকারী তাঁর স্ত্রী) | সি/২০০ | ৩১/০৭/২০১২ | ১০/১০/২০১২ |
| ১৭। | সুবেঃ মেজর (অবঃ) মোঃ জালাল উদ্দিন পাটোয়ারী | সি/২০৮ | ১৪/০৮/২০১২ | ১৬/১০/২১০২ |
| ১৮। | মেজর গোলাম মোস্তফা (আবেদনকারী তাঁর স্ত্রী) | সি/২২৩ | ৩০/০৭/২০১২ | ১১/১০/২০১২ |
| ১৯। | মতিউর রহমান (আম মোক্তার নামায়) | বেকারী -৮/১৪ | ৩১/০৫/২০১২ | ১৭/১০/২০১২ |
| ২০। | মোঃ নুরুল আমিন | বেকারী-৮/১৫ | ৩১/০৫/২০১২ | ০৯/০৯/২০১২ |
| ২১। | মোঃ আঃ জব্বার | বেকারী-৮/১৬ | ৩১/০৫/২০১২ | ১০/০৯/২০১২ |
| ২২। | মোঃ লালু মিয়া | বেকারী-৮/১৭ | ৩১/০৫/২০১২ | ০৬/০৯/২০১২ |
| ২৩। | মোঃ জাকির হোসেন | বেকারী- ৮/১৮ | ৩১/০৫/২০১২ | ০৯/০৯/২০১২ |
| ২৪। | মিসেস কুহিনুর বেগম | বেকারী-৮/২০ | ৩১/০৫/২০১২ | ০৮/১০/২০১২ |
| ২৫। | মোঃ চাঁন মিয়া | বেকারী-৮/২১ | ৩১/০৮/২০১২ | ৩০/০৮/২০১২ |
| ২৬। | মোঃ মিলন শেখ | বেকারী-৮/২২ | ৩০/০৪/২০১২ | ১৬/০৫/২০১২ |
| ২৭। | মোঃ জাহাঙ্গীর আলম | বেকারী-৮/২৩ | ৩১/০৫/২০১২ | ১৬/০৫/২০১২ |
| ২৮। | মোঃ রুহুল আমিন | পুকুর পাড় -৩১ | ০৭/০৪/২০১২ | ০৯/০৯/২০১২ |
| ২৯। | শেখ মতিউর রহমান | পাকা সিড়ি/২ | ২৮/০৯/২০১২ | ১২/০৯/২০১২ |

আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন অকেজো কঞ্জারভেন্সী ট্রাক (ঢাকা মেট্রো-ন-৭৭৩৭) প্রকাশ্য নিলামে বিক্রয়ের নিমিত্ত সর্বোচ্চ ১,৮৫,০০০/- (এক লক্ষ পঁচাশি হাজার) টাকার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন অকেজো কঞ্জারভেন্সী ট্রাক (ঢাকা মেট্রো-ন-৭৭৩৭) প্রকাশ্য নিলামে বিক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে প্রথম বার ২,৫৩,৮০০/- টাকা সর্বোচ্চ দর পাওয়া যায়। তাঁকে কার্যাদেশ প্রদান করা হলে সর্বোচ্চ দরদাতা উক্ত গাড়ী গ্রহণ করেননি। পরবর্তীতে তাঁর জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে পর পর ০৩(তিন) বার দরপত্র আহ্বান করা হলে সর্বশেষ ১,৮৫,০০০/- টাকার সর্বোচ্চ দর পাওয়া যায়। ট্রাকটি দীর্ঘদিন পড়ে থাকার কারণে এর যন্ত্রাংশ সম্পূর্ণ নষ্ট হয়ে যাচ্ছে বিধায় সর্বশেষ প্রাপ্ত সর্বোচ্চ ১,৮৫,০০০/- টাকার দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও/রেভিনিউ শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মেজর এ কে এম হাফিজুর রহমান(অবঃ) | ৪৩৩ | মিরপুরডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (২) | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) খাদিমুল ইনসান মোঃ ইকবাল | ৬৭০ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | সংশোধিত ০৭ তলা (খালী প্লট) |
| (৩) | কর্ণেল মোহাম্মদ মজিবর হাসান | ৮৭৭ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (৪) | মেজর (অবঃ) এস এম অহিদুজ্জামান | ৮৯০ | মিরপুর ডিওএইচএস | ২১/১১/২০১২ | ০৭ তলা নতুন ভবন |
| (৫) | ক্যাপ্টেন বিল্লাল আহমেদ (সি) | ৯২৫ | মিরপুর ডিওএইচএস | ২৭/১১/২০১২ | ০৭ তলা নতুন ভবন |
| (৬) | মেজর (অবঃ) মোঃ মোতাহারুল ইসলাম | ৯৬৩ | মিরপুর ডিওএইচএস | ২৭/১১/২০১২ | ০৭ তলা নতুন ভবন |
| (৭) | লেঃ কর্ণেল মোঃ রফিকুল আলম | ৯৯২ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (৮) | ব্রিগেঃ জেনাঃ মোঃ এমাদুল হক | ৯৯৯ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (৯) | ব্রিগেঃ জেনাঃ হুমায়ুন বখত | ১১১০ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | সংশোধিত ৭ম তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১০) | মেজর মোঃ তৌহিদুল আকবর | ১১২৮ | মিরপুর ডিওএইচএস | ২৭/১১/২০১২ | ০৭ তলা নতুন ভবন |
| (১১) | মেজর (অবঃ) মোঃ হেলাল ই ইসলাম | ১১৬৮ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (১২) | কমডোর ইয়াহইয়া সৈয়দ, বিএন | ১১৮৪ | মিরপুর ডিওএইচএস | ১৯/১১/২০১২ | ০৭ তলা নতুন ভবন |
| (১৩) | ক্যাপ্টেন মোঃ মোজাম্মেল হক | ১২৬৬ | মিরপুর ডিওএইচএস | ২০/১১/২০১২ | ০৭ তলা নতুন ভবন |
| (১৪) | মেজর (অবঃ) কে এম খালিদ মোস্তাক | ১২৭৭ | মিরপুর ডিওএইচএস | ২০/১১/২০১২ | ০৭ তলা নতুন ভবন |
| (১৫) | ব্রিগেঃ জেনাঃ কে এম ওমর হাসান ও কর্ণেল লিজা চৌধুরী | ১২৮৮ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (১৬) | ক্যাপ্টেন সৈয়দ সালাউদ্দিন আহমেদ | ১৩২২ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (১৭) | ক্যাপ্টেন মোঃ জিয়াউদ্দিন আলমগীর | ১৩৩৩ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (১৮) | লেঃ কর্ণেল মোঃ আনুসুর রহমান সরদার (অবঃ) | ২৮০ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৬ তলার উপর ০৭ তলা |
| (১৯) | সাজিয়া মাহবুব স্বামী-মৃত লেঃ কর্ণেল মাহবুবুল আলম | ৫৯৫ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৬ তলার উপর ০৭ তলা (৭ম তলার ফাউন্ডেশন দেয়া আছে) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (২০) | গ্রুপ ক্যাপ্টেন এস এম কলিমুল্লাহ (অবঃ) | ৭৩৩ | মিরপুর ডিওএইচএস | ২০/১১/২০১২ | ০৬ তলার উপর |
| (২১) | জনাব এম এম মোহাইমিন সালেহ | ২৫১ | মহাখালী ডিওএইচএস | ১৮/১১/২০১২ | সংশোধিত ০৭ তলা (পু: তলা ভবন ভেঙ্গে নতুন ভ: নির্মাণ) |
| (২২) | জনাব মোঃ সালাউদ্দীন আহমেদ সেলিম গং | ৩৭/এ | ক্যান্ট বাজার এলাকা | ২৭/১১/২০১২ তারিখে রাজস্ব শাখার ছাড়পত্র | সংশোধিত ০৭ তলা আবাসিক ভবন (পুরাতন দোতলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (২৩) | জনাব মোঃ নাজমুল ইসলাম চৌধুরী | ৪৯/সি | ক্যান্ট বাজার এলাকা | ২৭/১১/২০১২ তারিখে রাজস্ব শাখার ছাড়পত্র | সংশোধিত ০৭ তলা আবাসিক ভবন (পুরাতন তিন তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (২৪) | জনাব লায়েক আহমেদ চৌধুরী গং | ৫১ | ক্যান্ট বাজার এলাকা | ২২/১১/২০১২ তারিখে রাজস্ব শাখার ছাড়পত্র | সংশোধিত ০৭ তলা আবাসিক ভবন (পুরাতন এক তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ১৭ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১৭ টি প্লট, ক্রমিক নং-২১ এ বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ১টি প্লট, ক্রমিক নং-২২, ২৩ ও ২৪ এ বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৩টি প্লটসহ মোট ২১টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো। অবশিষ্ট ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক ভেটিং বাবদ যাবতীয় খরচ প্লট মালিককে বহন করতে হবে। উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং পানির পাম্পের পিএফআই ইউনিট সরবরাহ ও অন্যান্য পাম্পের প্যানেল বোর্ড মেরামত। | ১,০০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ এবং ১১ নং রোড মেরামত ও কার্পেটিং এবং ড্রেন মেরামত কাজ। | ১৩,২৬,২০৩/-" | ক্যান্ট বাজার এলাকার রাস্তার ক্ষতিপূরণের জন্য জমাকৃত অর্থ হতে ও বোর্ডের স্থানীয় আয় হতে |
| (৩) | ক্যান্ট বাজার এলাকার ৮ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৪,৮৬,৮৬৫/-" | -ঐ- |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের গ্যারিশন বাড়ি নং-৪৯/সি হতে ৫ নং রোডের উত্তর প্রান্ত পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১৩,৫৯,৪৪২/-" | -ঐ- |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২১ নং বাড়ির উত্তর প্রান্ত হতে ২৮ নং বাড়ির দক্ষিণ/পশ্চিম কর্ণার হয়ে ৪/এ নং রোডের পূর্ব প্রান্ত পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ৫,৩৯,৭৫৬/-" | -ঐ- |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের উত্তর প্রান্ত হতে ক্যান্ট বোর্ড জামে মসজিদের উত্তর এবং ২ নং রোডের আংশিক মেরামত ও কার্পেটিং কাজ। | ১১,৮৬,০২৩/-" | -ঐ- |
| (৭) | ক্যান্ট বোর্ড জামে মসজিদ এর দক্ষিণ পার্শ্ব হতে ৪ নং পানির পাম্পের দক্ষিণ প্রান্ত পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১০,৩৫,৪৫১/-" | -ঐ- |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং পাম্পের দক্ষিণ প্রান্ত হতে নেভি হাউজের দক্ষিণ/পশ্চিম কর্ণারে গেট পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১২,২০,৪২৫/-" | -ঐ- |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার নেভি হাউজের দক্ষিণ/পশ্চিম কর্ণার গেট হতে রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন স্বাধীনতা সরণি পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১৫,৪৮,৭৪০/-" | -ঐ- |
| (১০) | মুসলিম মডার্ণ একাডেমীর বাৎসরিক মেরামত, রক্ষণাবেক্ষণ ও রং চুন করণ কাজ। | ১,৯৯,২৯৩/- " | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| (১১) | শহীদ সরণির রোড ডিভাইডার মেরামত, গ্রীল রেলিং মেরামত, ট্রাফিক পোষ্ট স্টীকার স্থাপন, রডের জালী উঁচুকরণ কাজ। | ৮৩,৭৩৯/-" | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| (১২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের পার্শ্বে ০১টি পাকা ডাষ্টবিন নির্মাণ। | ৮২,৯৯১/-" | কঞ্জারভেন্সী খাত |
| (১৩) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাইক্রোবাস (ঢাকা মেট্রো-চ-৫১-৫৬১০– ডেন্টিং, পেন্টিং ও মেরামতকরণ। | ৭৯,৫৫০/- " | প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত |
| (১৪) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার জন্য নতুন ক্রয়কৃত টাটা-৭০৯ ট্রাক রেজিস্ট্রেশনকরণ। | ৬০,৬১৩/- " | সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত |
| (১৫) | মহাখালী ডিওএইচএস এলাকার সেন্ট্রাল রোডের স্পীড ব্রেকার নির্মাণসহ ম্যানহোলের আনুষঙ্গিক কাজ। | ২,৯৭,০৩১/- " | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল |
| (১৬) | মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের পটহোল মেরামতসহ ড্রেনের ওয়াল ও ফুটপাতের স্ল্যাব নির্মাণ। | ১,৫৪,৩২৫/- " | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল |
| (১৭) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ১৯ নং রোডের (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ২৮০´, প্রস্থ- ২০´)। | ১১,৩১,০৫২/-" | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৮) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ২৫ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৮৫০´, প্রস্থ- ২০´)। | ৫০,২৮,৩১৩/-" | -ঐ- |

| | | | |
|---|---|---|---|
| (১৯) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ২৬ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৪৭০´, প্রস্থ- ২০´)। | ২৬,৯৯,৭৭৩/-" | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২০) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ২৭ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৩৬০´, প্রস্থ- ২০´)। | ২১,৫০,৬৫৫/-" | -ঐ- |
| (২১) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ২৭/বি নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ২৮০´, প্রস্থ- ২০´)। | ১৬,৭৩,৪৩৪/-" | -ঐ- |
| (২২) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৪ (প্লট নং-৭৯৩ হতে ৮১৭ পর্যন্ত) এবং রোড নং-৩৩ পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ১৮০০´, প্রস্থ- ২০´)। | ৩৩,৯৪,০৪১/-" | -ঐ- |
| (২৩) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৩৭ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৬০০´, প্রস্থ- ২০´)। | ৩২,৩৯,৪১৫/-" | -ঐ- |
| (২৪) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের প্লট নং-৭৯২ হতে ৮৩৪ পর্যন্ত এবং ৮০৭ এর উত্তর মাথা (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ২৫০´, প্রস্থ- ২০´)। | ১৫,৫৮,৬১০/-" | -ঐ- |
| (২৫) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৩০/এ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৫১০´, প্রস্থ- ২০´)। | ৩০,৪৩,০৫০/-" | -ঐ- |
| (২৬) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ২৮/এ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৪৭০´, প্রস্থ- ২০´)। | ২৪,৫২,৭০৩/-" | -ঐ- |
| (২৭) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৩০´-০´´ চওড়া রোড (পশ্চিম পার্শ্ব) পাইপ ড্রেন (৪-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৪৭৫´, প্রস্থ- ২০´)। | ৪০,৮৯,৪৯৩/-" | -ঐ- |
| (২৮) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ২৭/এ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৫১৫´, প্রস্থ- ২০´)। | ৩০,৫২,৪৩৮/-" | -ঐ- |
| (২৯) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ১৮/এ নং রোডের (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৫৬০´, প্রস্থ- ২০´)। | ২৩,২৭,০২৬/-" | -ঐ- |
| (৩০) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ১৭/এ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৬০০´, প্রস্থ- ২০´)। | ৩৫,৪৫,৮৭৯/-" | -ঐ- |
| (৩১) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ১৬ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৬৫০´, প্রস্থ- ২০´)। | ৩৮,১৮,৭৪৫/-" | -ঐ- |
| (৩২) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪০´-০´´ চওড়া রাস্তার (পশ্চিম পার্শ্ব-উত্তর-পশ্চিম কর্ণার) পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৩৬০´, প্রস্থ- ২০´)। | ২৪,৭৬,৪৪৯/-" | -ঐ- |
| (৩৩) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ২৯/এ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৪৭০´, প্রস্থ- ২০´)। | ২৪,৫২,৭০৩/-" | -ঐ- |
| (৩৪) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৬০´-০´´ চওড়া রাস্তার (পশ্চিম পার্শ্ব) পাইপ ড্রেন (৪-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৭৩০´, প্রস্থ- ৩৬´)। | ৮৭,৮১,১৬৯/-" | -ঐ- |
| (৩৫) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৩১/এ এবং ৩২/এ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৭৪০´, প্রস্থ- ২০´)। | ৪৩,২৯,৮০৩/-" | -ঐ- |
| (৩৬) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৫ নং রোডের (উত্তর) পাইপ ড্রেন (৩´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৩২০´, প্রস্থ- ২০´)। | ২২,৩৬,২১৭/-" | -ঐ- |
| (৩৭) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৫১ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৩২০´, প্রস্থ- ২০´)। | ১৯,২৯,০৩৭/-" | -ঐ- |
| (৩৮) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৫০ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৪৭০´, প্রস্থ- ২০´)। | ২৪,৫২,৭০৩/-" | -ঐ- |
| (৩৯) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৯ নং রোডের পাইপ ড্রেন (৪-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৭১০´, প্রস্থ- ২০´)। | ৬৪,০০,২৮৬/-" | -ঐ- |
| (৪০) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-৪৬/এ এবং প্লট নং-১২২৮ হতে ১২২৯ এবং ১২৩৪ হতে ১২৩৫ পর্যন্ত পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৬৬০´, প্রস্থ- ২০´)। | ৪১,৩০,৯৯৯/-" | -ঐ- |
| (৪১) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৭/এ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৯৪০´, প্রস্থ- ২০´)। | ৫৯,৫৫,৬৮৩/-" | -ঐ- |
| (৪২) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৬০´-০´´ চওড়া রাস্তা (পূর্ব পার্শ্ব) রোডের পাইপ ড্রেন (৪-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ১২৬০´, প্রস্থ- ৩৬´)। | ১,৩৫,১২,২৭৯/-" | -ঐ- |
| (৪৩) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-৪৮ এবং সংযোগ রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৯৪০´, প্রস্থ- ২০´)। | ২৪,৭১,২৫৫/-" | -ঐ- |
| (৪৪) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪২ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) ও (এইচবিবি) সলিং রোড নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৭৪০´, প্রস্থ- ২০´)। | ৪৮,২৫,৬৯৬/-" | -ঐ- |
| (৪৫) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৩ নং রোডের পাইপ ড্রেন (৩´-০´´ ডায়া) নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৬৪০´, প্রস্থ- ২০´)। | ১৮,৬২,৫১৮/-" | -ঐ- |
| (৪৬) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৫ নং রোডের (দক্ষিণ) পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) নির্মাণ কাজ (দৈর্ঘ্য-৪৫০´)। | ৮,৭৫,৮৯২/-" | -ঐ- |
| (৪৭) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪০ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) নির্মাণ কাজ (৫৭০´)। | ৯,৮৪,৯৭৫/-" | -ঐ- |
| (৪৮) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৩৮, ৩৮/এ, ৩৮/বি ও ৩৮/সি নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) নির্মাণ কাজ (১২৫০´)। | ২৪,৪৫,০৪০/-" | -ঐ- |

| | | | |
|---|---|---|---|
| (৪৯) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের প্লট নং-৬৯৬ হতে পূর্ব ও উত্তর কর্ণারে প্লট নং-৮১৭ হতে প্লট নং-১১২৪ পর্যন্ত রোডের পাইপ ড্রেন (৩´-০´´ ডায়া) নির্মাণ কাজ (৬০০´)। | ১৭,১৯,১৮৪/-" | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৫০) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৬ ও ৪৭ নং রোডের পাইপ ড্রেন (২´-০´´ ডায়া) নির্মাণ কাজ (৫০০´)। | ১০,১৯,৮৩১/-" | -ঐ- |
| (৫১) | মহাখালী ডিওএইচএস এলাকার ২১ নং রোড প্রশস্তকরণ, ফুটপাত নির্মাণ ও এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিংকরণ (দৈর্ঘ-১৪৯০´, প্রস্থ-২৫´)। | ১,৩৯,৯৯,৩৪১/- টাকা | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৫২) | মহাখালী ডিওএইচএস এলাকার পার্ক রোড প্রশস্তকরণ, ফুটপাত নির্মাণ ও এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিংকরণ (দৈর্ঘ-৫০০´, প্রস্থ-৪০´)। | ৮৫,৪৮,৮৭০/- টাকা | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৫৩) | মহাখালী ডিওএইচএস এলাকার প্লট নং- বি-১০১ হতে ১১৪ এর সম্মুখস্থ রাস্তা প্রশস্তকরণ ও এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিংকরণ (দৈর্ঘ-৩১০´, প্রস্থ-৪০´)। | ৪৪,৫৫,৫২৪/- টাকা | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৫৪) | মহাখালী ডিওএইচএস এর রাওয়া ক্লাবের নিকটস্থ ফ্লাইওভার হতে ২১ নং রোড পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ ও এ্যাসফাল্ট প্লান্টের সাহায্যে কার্পেটিংকরণ (দৈর্ঘ্য-১৮০০´, প্রস্থ- ৩৫´)। | ১,৫০,৭০,৬৭৩/- টাকা | মহাখালী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৫৫) | বনানী ডিওএইচএস এলাকার ৬/বি নং রোড প্রশস্তকরণ, মেরামত ও কার্পেটিংকরণ (দৈর্ঘ্য- ৩২০´, প্রস্থ-২০´)। | ১৪,২৯,২০৩/- টাকা | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৫৬) | বনানী ডিওএইচএস এলাকার ৪ ও ৫ এর সংযোগ সড়ক মেরামত ও কার্পেটিংকরণ (দৈর্ঘ্য- ২৭০´, প্রস্থ-১২´)। | ৬,৮২,২২৮/- টাকা | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৫৭) | বনানী ডিওএইচএস এলাকার ৬/সি নং রোড প্রশস্তকরণ, ওয়াসা কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ (দৈর্ঘ্য- ৩৮০´, প্রস্থ-২০´)। | ২৬,৫০,২০৭/- টাকা | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৫৮) | বনানী ডিওএইচএস এলাকার ৪ ও ৫ নং রোড উঁচুকরণসহ কার্পেটিংকরণ (দৈর্ঘ্য- ১৭০০´, প্রস্থ-২০´)। | ৪০,৮৪,৩৬৩/- টাকা | বনানী ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৫৯) | মিরপুর ডিওএইচএ এলাকার রোড নং-২৪ (আংশিক) এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্ত নির্মাণ (দৈর্ঘ্য- ৯৫´, প্রস্থ- ২০´)। | ৬,২৫,২৩৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৬০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৬৪/এফ মেরামত, রক্ষণাবেক্ষণ ও রংচুনার কাজ। | ৩৩,০৬৪/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৬১) | বারিধারা ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোড প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ১১০০´, প্রস্থ- ২০´)। | ৪১,৯৮,৭০০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৬২) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৬ (পূর্ব) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৮৪০´, প্রস্থ- ২০´)। | ৩২,০৬,২৮০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৬৩) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৬ (পশ্চিম) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৯৩০´, প্রস্থ- ২০´)। | ৩৫,৪৯,৮১০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৬৪) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৫ (পূর্ব) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৭৫০´, প্রস্থ- ২০´)। | ২৮,৬২,৭৫০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৬৫) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৫ (পশ্চিম) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৮৭০´, প্রস্থ- ২০´)। | ৩৩,২০,৭৯০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৬৬) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৪ (পূর্ব) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৭৫০´, প্রস্থ- ২০´)। | ২৮,৬২,৭৫০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৬৭) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৪ (পশ্চিম) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৪৫০´, প্রস্থ- ২০´)। | ১৭,১৭,৬৫০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৬৮) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৩ (পূর্ব) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৭৫০´, প্রস্থ- ২০´)। | ২৮,৬২,৭৫০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৬৯) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৩ (পশ্চিম) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৫২০´, প্রস্থ- ২০´)। | ১৯,৮৪,৮৪০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৭০) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-২ (পূর্ব) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৭৫০´, প্রস্থ- ২০´)। | ২৮,৬২,৭৫০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৭১) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-২ (পশ্চিম) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৬০০´, প্রস্থ- ২০´)। | ২২,৯০,২০০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৭২) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-১ (পূর্ব) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৭৫০´, প্রস্থ- ২০´)। | ২৮,৬২,৭৫০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৭৩) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-১ (পশ্চিম) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৬৯০´, প্রস্থ- ২০´)। | ২৬,৩৩,৭৩০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৭৪) | বারিধারা ডিওএইচএস এলাকার নর্দার্ণ রোড প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৪৭০´, প্রস্থ- ২০´)। | ১৭,৯৩,৯৯০/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |

| | | | |
|---|---|---|---|
| (৭৫) | বারিধারা ডিওএইচএস এলাকার রোড নং-৭ (পশ্চিম) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (দৈর্ঘ্য- ৮৩০, প্রস্থ- ২০)। | ৩১,৬৮,২০৩/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল ও বোর্ডের স্থানীয় আয়। |
| (৭৬) | বারিধারা ডিওএইচএস এলাকায় ওয়াসা কর্তৃক কর্তনকৃত রাস্তা (রোড নং-৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩) মেরামত ও কার্পেটিং কাজ। | ১২,০২,৫০৭/- টাকা | ওয়াসা কর্তৃক জমাকৃত অর্থ হতে |
| (৭৭) | ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যমান পুরাতন পানির পাম্পের জন্য ২×১০০ কেভিএ ট্রান্সফরমার ও প্রয়োজনীয় এইচটি/এলটি ইলেক্ট্রিক ক্যাবল সরবরাহ ও স্থাপন কাজ। | ৩২,৬০,০১৬২/- টাকা | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| (৭৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন রোডে পুরাতন মরিচা ছিদ্রযুক্ত জরাজীর্ণ ১৫০ এমএম ডায়া মেইন পানির পাইপ পরিবর্তন করে নতুন পাইপ লাইন প্রতিস্থাপন কাজ। | ২০,০০,০০০/- টাকা | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| (৭৯) | সেনাভবনের পশ্চিম পার্শ্ব এবং সেনাকুঞ্জের পূর্ব পার্শ্ব হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের পুরাতন জরাজীর্ণ তার/ক্যাবল পরিবর্তন করে নতুন এ্যালুমিনিয়াম তার স্থাপন কাজ। | ৩০,০০,০০০/- টাকা | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| (৮০) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন জরুরী কাজে সার্বক্ষণিক নিয়োজিত কর্মচারীদের জন্য ডর্মিটরী নির্মাণ। | ১৫,৫০,০০০/- টাকা | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| (৮১) | ক্যান্টনন্টে জেনারেল হাসপাতাল ভবনের নিচতলার পূর্ব অংশের মেরামত কাজ (ইলেক্ট্রিক্যাল ও সিভিল)। | ১৪,১২,৭৯৫/- (সিভিল)<br>৯,৮৫,৪৭০/- (ইলেঃ) | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| (৮২) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বহিরাংশে কলাপসিবল গেইট সরবরাহ ও স্থাপন। | ৫৪,৭৯০/- টাকা | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| (৮৩) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কক্ষে (সিইও, প্রকৌশল শাখা, সহকারী সচিব, ক্যাশিয়ার, কম্পিউটার) টাইলস্ স্থাপন ও ডিসটেমপারকরণসহ মেরামত কাজ। | ৬,২৯,৩৬০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৮৪) | রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৯৯,৩৩৬/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৮৫) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৪৮/এ এর ০১ ও ১১ নম্বর ফ্ল্যাট মেরামত ও চুনকামকরণ। | ৮৫,৫২৪/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৮৬) | বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার সংলগ্ন রাস্তার বাউন্ডারী ওয়াল ও ২টি গেইট নির্মাণ কাজ। | ৭,৬০,৬০৭/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল |
| (৮৭) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-১০০ এর ৩য় তলার বাহির সাইড ও সিঁড়িঘর চুন এবং রংকরণ। | ৩০,৮০৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ১, ১০, ১১, ১২, ১৩, ১৪, ৮৩, ৮৪, ৮৫ ও ৮৭ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | সদর দপ্তর ডিজিএফআই এর মেইন গেইট এর পশ্চিম পার্শ্বে ফুটপাতের সাইডে লোহার গ্রীলের রেলিং নির্মাণ। | ১,৮০,০০০/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ১,৮০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২) | রজনীগন্ধা সুপার মার্কেটের হকার নিয়ন্ত্রণসহ রিক্সা অনুপ্রবেশ বন্ধের জন্য জিআই পাইপের ফেন্সিং নির্মাণ। | ৫,৬৫,৫০২/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৫,৫৬,৫০২/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদে টয়লেট নির্মাণ ও অযুখানা সংস্কার ও মেরামত করণ। | ১,১০,৪০২/- টাকা | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,১০,৪০২/- টাকা | মসজিদের মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৪) | ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়. মিরপুরের বিদ্যালয় ভবনের ছাদ মেরামত, আসবাবপত্র মেরামত ও ক্রয় করণ। | ১,৯৯,১৯৬/- টাকা | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ১,৯৯,১৯৬/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৫) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত (শহীদ সরণি) বিভিন্ন অংশে কার্পেটিং ও সীলকোট দ্বারা মেরামত। | ৯,৯৫,৮৩৮/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ৯,৯৫,৮৩৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৬) | ০১টি পেন্টিয়াম-৪ কম্পিউটার, ইউপিএস ও স্ক্যানার সরবরাহ করণ। | ৪০,০০০/- টাকা | ফ্লোরা লিমিটেড | ৩৯,৭২৮/- টাকা | প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত (ক-৫) |
| (৭) | শহদি বদিউজ্জামান রোড সংলগ্ন চৌরাস্তার সিগন্যাল পয়েন্ট নতুন করে প্রগ্রামকরণ। | ১,০০,০০০/- | আরএফ ইঞ্জিনিয়ারিং | ৯৫,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৮) | বারিধারা ডিওএইচএস এলাকায় স্পীড ব্রেকার নির্মাণ ও রংকরণ (০১টি নতুন ও ০৪টি পুরাতন)। | ১,০৮,২০৬/- | মেসার্স মিন্টু এন্টারপ্রাইজ | ১,১৩,৫০৮/- টাকা | বারিধারা ডিওএইচএস এর বিবিধ তহবিল |
| (৯) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আউট সোর্সিং এর মাধ্যমে ক্লিনিং সার্ভিস প্রদান। | - | এ কে ট্রেডার্স লিঃ | ১,৯৮,০০০/- টাকা | হাসপাতালের নৈমিত্তিক খাত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১০) | আজিজপল্লীর ০৮টি খেলনা স্থানান্তর করে পুনঃ স্থাপন ও অন্যান্য শিশুপার্কের খেলনা মেরামত ও রংকরণ। | ১,৯৪,২২০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ১,৯৪,২২০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৪/ই মেরামত, রক্ষনাবেক্ষণ ও রং চুন কাম করণ। | ৬৭,৫৬০/- | মেসার্স শহীদুল ইসলাম এন্ড সন্স | ৬৭,৫৬০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৯৬(৩য় তলা) মেরামত ও রং চুনকাম করণ। | ৬১,৭০৪/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৬১,৭০৪/- টাকা | পরিত্যক্ত সম্পত্তির সংশ্লিষ্ট তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ৩, ৫, ৬, ৭, ১০ ও ১১ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদান করে কার্যসম্পাদন করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক। ক্রমিক নং-৯ এ উল্লেখিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে আউট সোর্সিং এর মাধ্যমে ক্লিনিং সার্ভিস প্রদান করার ক্ষেত্রে বর্তমান জনবল ও নিয়োগের প্রক্রিয়াধীন জনবলসহ বাৎসরিক ব্যয়ের পরিমাণ ১১,৯৪,৯০৮/- টাকা। কিন্তু আউট সোর্সিং এর মাধ্যমে উক্ত কাজ সম্পন্ন করা হলে ব্যয় দাঁড়াবে ২৩,৭৬,০০০/- টাকা, অর্থাৎ বাৎসরিক ১১,৮১,০৯২/- টাকা বেশী ব্যয় হবে। সার্বিক বিবেচনা করে আপাততঃ উক্ত প্রস্তাবটি বিবেচনা করা হলো না।

আলোচ্যসূচী-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি ও বিদ্যুৎ শাখার জনবল বৃদ্ধির নিমিত্ত নতুন পদ সৃষ্টি ও নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার সাথে বারিধারা ও মিরপুর ডিওএইচএস সংযুক্ত হলেও পানি ও বিদ্যুৎ শাখার লোকবল বৃদ্ধি করা হয়নি। এছাড়াও বিদ্যমান জনবলের অনেকেই স্বাভাবিক অবসরে চলে যাওয়ায় ০৭টি পদ শূন্য রয়েছে। যার ফলে সীমিত লোকবল দ্বারা পানি ও বিদ্যুতের মতো অত্যাবশ্যকীয় সেবা প্রদান করা অত্যন্ত দূরূহ হয়ে পড়েছে। উল্লেখ্য যে, ২০১১-২০১২ আর্থিক সালে পানি ও বিদ্যুৎ শাখা হতে ১,৫৮,৫২,০৬৫/- টাকা আয় হয়েছে। বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি ও বিদ্যুৎ শাখায় নিম্নবর্ণিতভাবে জনবল বৃদ্ধিসহ শূণ্য পদসমূহে জরুরী ভিত্তিতে লোক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | পদের নাম | বিদ্যমান পদ সংখ্যা | পূরণকৃত পদ | শূন্য পদ | প্রস্তাবিত নতুন পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | উপ-সহকারী প্রকৌশলী (পানি ও বিদ্যুৎ) | ০১ | ০১ | - | ০১ | পানি ও বিদ্যুৎ শাখার জন্য |
| ২। | ইলেকট্রিক সুপারভাইজার | - | - | - | ০২ | |
| ৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ | ০১ | - | - | |
| ৪। | মিটার রিডার | ০১ | ০১ | - | ০১ | পানি ও বিদ্যুৎ মিটার রিডিং ও বিল প্রস্তুত এর জন্য |
| ৫। | সিনিয়র ইলেকট্রিক লাইনম্যান | - | - | - | ০২ | পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য |
| ৬। | ইলেকট্রিক লাইনম্যান | ০৬ | ০৩ | ০৩ | ০১ | মিরপুর ডিওএইচএস ও মিরপুর ক্যান্টনমেন্ট এর নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষনাবেক্ষনের জন্য |
| ৭। | ইলেকট্রিক লাইনম্যান হেলপার | ১৩ | ০৯ | ০৪ | ০২ | -ঐ- |
| ৮। | ড্রাইভার | ০১ | ০১ | - | ০২ | হাইড্রোলিক লিফটার ও ডাবল-কেবিন পিকআপ এর জন্য |
| ৯। | পাম্প অপারেটর | ০৩ | ০৩ | - | ০১ | ৪ নং পানির পাম্পের জন্য |
| ১০। | প্লাম্বার | ০১ | ০১ | - | - | |
| ১১। | প্লাম্বার হেলপার | ০১ | ০১ | - | - | |
| ১২। | এমএলএসএস | - | - | - | ০১ | দাপ্তরিক কাজে সহযোগিতার জন্য |

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। শূণ্য পদসমূহে স্থায়ীভাবে লোক নিয়োগ না হওয়া পর্যন্ত পানি/বিদ্যুতের জরুরী কাজ সম্পাদন করার জন্য মাস্টাররোলে লোক নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় সুষ্ঠুভাবে কঞ্জারভেন্সী সার্ভিস প্রদান করার জন্য দৈনিক ২৫০/- টাকা মজুরীতে মাস্টাররোলে ১০ জন শ্রমিক নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে দৈনিক ২৫০/- টাকা মজুরীতে ১০ জন মাস্টার রোল শ্রমিক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অভিভাবক অপেক্ষাগার নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অভিভাবক অপেক্ষাগার নির্মাণের নীতিগত সিদ্ধান্ত গৃহীত হলো। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অপেক্ষাগার নির্মাণের স্থান নির্বাচন পূর্বক বিস্তারিত নকশা ও মূল্যানুমান প্রস্তুত করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক। একই সাথে শিক্ষা প্রতিষ্ঠানের অভিভাবকদের অপেক্ষাগার নির্মাণসহ যে কোন উন্নয়নমূলক কাজে সরকারী/বেসরকারী ব্যাংক, মোবাইল ফোন কোম্পানী ও প্রতিষ্ঠিত ব্যবসায়ী প্রতিষ্ঠানের বিভিন্ন সহযোগিতা পেলে তা গ্রহণ করার জন্য নীতিগত সিদ্ধান্ত গৃহীত হলো। এ ক্ষেত্রে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার প্রয়োজনীয় যোগাযোগ করতে পারবেন।

আলোচ্যসূচী-২১ঃ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩(তিন) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ব্যয় বাবদ ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা পরিশোধের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩(তিন) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ব্যয় বাবদ ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত (ক-৫) হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ৪টি দোকানের বকেয়া ভাড়া এবং ১টি দোকানের সালামীর টাকা পরিশোধ না করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ দীর্ঘ দিন দোকান ভাড়া পরিশোধ না করায় এবং বারবার তাগিদ প্রদান করা সত্ত্বেও কোন প্রকার আগ্রহ না থাকায় দোকানসমূহ সাময়িকভাবে বন্ধ করে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনার সিদ্ধান্ত গৃহীত হলো। ২০ ডিসেম্বর, ২০১২ তারিখের মধ্যে ভাড়াসহ অন্যান্য বকেয়া পরিশোধ করা না হলে ইজারা বাতিলের প্রস্তাব পরবর্তী বোর্ডসভায় পেশ করার জন্য রেভিনিউ অফিসারকে নির্দেশ প্রদান করা হলো।

আলোচ্যসূচী-২৩ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য হাইড্রলিক বীম লিফটার ক্রয়ের ক্ষেত্রে গত ৩১/১০/২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২১ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে নতুনভাবে মূল্যায়ন কমিটি গঠনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য হাইড্রলিক বীম লিফটার ক্রয়ের জন্য গত ৩১/১০/২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২১ এর মাধ্যমে গঠিত কমিটি নিম্নোক্তভাবে সংশোধন করা হলোঃ-

| | | |
|---|---|---|
| (১) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) প্রতিনিধি, এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) প্রতিনিধি, জিই (আর্মি) মেইন্ট সাউথ, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৫) প্রতিনিধি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা। | -- | সদস্য |
| (৬) উপ-সহকারী প্রকৌশলী (পা/বি), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উক্ত কমিটি হাইড্রলিক বীম লিফটার এর বিস্তারিত স্পেসিফিকেশন প্রস্তুত, দরপত্র আহ্বান, দরপত্র মূল্যায়ন ও সরবরাহ নিশ্চিত করবেন।

আলোচ্যসূচী-২৪ঃ মেসার্স এ্যারোমা ইন্টারন্যাশনাল, প্রোঃ- জনাব মোঃ ইমরান কায়েস মাহমুদ এবং রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন, প্রোঃ- মোহাম্মদ আমির ফয়সাল-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে মেসার্স এ্যারোমা ইন্টারন্যাশনাল, প্রোঃ- জনাব মোঃ ইমরান কায়েস মাহমুদ এবং রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন, প্রোঃ- মোহাম্মদ আমির ফয়সাল-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ-১ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে অস্থায়ীভাবে নিয়োজিত সুপারভাইজার সার্জেন্ট (অবঃ) আবুল কালাম আজাদ এর বেতন বৃদ্ধি সংক্রান্ত ১০ অক্টোবর, ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আপাততঃ আবেদনটি বিবেচনা করা গেল না।

২৫ বিবিধ-২ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ (আল্লাহু মসজিদ) এর জন্য কার্পেট ক্রয়ের অতিরিক্ত অর্থ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২১ নভেম্বর, ২০১২ তারিখের ৬০১/১/এ/কার্পেট(ক্যান্ট বোর্ড মসজিদ)/১২ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ (আল্লাহু মসজিদ) এর জন্য কার্পেট ক্রয়ের জন্য অতিরিক্ত ১,৬৩,৫০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। পিপিআর, ২০০৮ এর বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৫ বিবিধ-৩ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৩৯/৩ নং হোল্ডিং এর মালিক কর্তৃক রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি প্রসংগে কমান্ডার (অবঃ) মোঃ মোস্তফা শহীদ, পিএসসি, বিএন এর ১৫ নভেম্বর, ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি সরেজমিন তদন্ত করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | |
|---|---|---|
| (১) ১ × অফিসার, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।। | -- | সভাপতি |
| (২) জনাব মোঃ আলম খান, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) জনাব মোঃ মতিউর রহমান, রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

২৫ বিবিধ-৪ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নি নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও/রেভিনিউ শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মেজর (অবঃ) শেখ সালাহউদ্দিন আহমেদ | ১০৮৬ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (২) | উইং কমান্ডার মোঃ মাহফুজুর রহমান | ১২০০ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০৭ তলা নতুন ভবন |
| (৩) | মেজর জেনাঃ অনুপ কুমার চাকমা, এনডিসি, পিএসসি | ১৬৯ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ২টি প্লটে যৌথভাবে ৬ষ্ঠ তলার উপর ৭(সাত)তলা |
| | মেজর জেনাঃ মোঃ মতিউর রহমান, এনডিইউ, পিএসসি | ১৭১ | | | |
| (৪) | জনাব মোঃ ইব্রাহিম খলিল | ৪০৮ | বারিধারা ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি। | ০১ তলা বাড়ী ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ৩ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৩টি এবং ক্রমিক নং-৪ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ১টি প্লটসহ মোট ৩টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

২৫ বিবিধ-৫ঃ ব্রিগেডিয়ার জেনারেল মোহাঃ গোলাম হোসেন সরকার এর মিরপুর ডিওএইচএসস্থ ৭৬৭ নং প্লটে এককভাবে বাড়ী নির্মাণের অনুমোদিত নকশা বাতিলের আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আবেদন মোতাবেক মিরপুর ডিওএইচএস এর ৭৬৭ নং প্লটের অনুমোদিত নকশা বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ-৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মিরপুর ডিওএইচএস এলাকার ২৮ নং রোডের পশ্চিম পার্শ্ব সংলগ্ন নিচু জায়গা ভরাটকরণ কাজ। | ২,৬৪,৮৫৫/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৫ বিবিধ-৭ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং ডিওএইচএসসমূহের প্লট, বাড়ী ও বাড়ীতে বসবাসকারীদের ডাটাবেস প্রস্তুত প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসের আওতাধীন ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং ডিওএইচএসসমূহের প্লট, বাড়ী ও বাড়ীতে বসবাসকারীদের ডাটাবেস প্রস্তুত করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। ডাটাবেজ প্রস্তুতের প্রক্রিয়াসহ সম্ভাব্য খরচের বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৫ বিবিধ-৮ঃ শহীদ সরণির বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে রোডে সাইড মার্কিং লাইট (Road side marking light) স্থাপনের নিমিত্তে ৮,৫০,০০০/- (আটলক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে শহীদ সরণির বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে Lane separation U (ইউ) টার্নসহ অন্যান্য পয়েন্টে Marking Light জরুরী ভিত্তিতে স্থাপন করার জন্য ৮,৫০,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করা যেতে পারে। মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯.১১.২০১২

( মোঃ রেজাউল ইসলাম )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

SSO-2 ১০/১২

পরিশিষ্ট- 'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন সৈয়দ মকছুমুল হাকিম, (এনডি) এনসিসি, পিএসসি, বিএন<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মফিদুর রহমান, এএফডব্লিউসি, পিএসসি<br>অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমান বাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | লেঃ কর্ণেল আতিকুল হক চৌধুরী, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৪) | মেজর শেখ মঈনউদ্দিন, স্টেশন হেলথ অফিসার,<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতসল, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | শাহে এলিদ মাইনুল আমিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |